

Updated: 13 August, 2023

NU On Campus Honours Program

Frequently Asked Questions (FAQ)

প্রশ্ন	উত্তর
এনইউ অন-ক্যাম্পাস প্রোগ্রাম কি?	জাতীয় বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ মূল ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকমন্ডলী দ্বারা সরাসরি পরিচালিত শিক্ষা কার্যক্রমকে অন-ক্যাম্পাস প্রোগ্রাম বলে।
কবে থেকে অন-ক্যাম্পাস প্রোগ্রাম চালু হয়?	২০০৪ সাল থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে এমফিল, পিএইচডি ও শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম চালু রয়েছে। ২০১৪ থেকে এ্যাডভান্সড এমবিএ এবং মোট ০৮টি বিষয়ে এমএএস (মাস্টার অব এ্যাডভান্সড স্টাডিজ) প্রোগ্রাম চালু রয়েছে। এবারই প্রথম ২০২২-২০২৩ সেশনে মূল ক্যাম্পাসে অনার্স প্রোগ্রাম চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।
কয়টি বিষয়ে ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে এবং বিষয়গুলো কী কী? ভবিষ্যতে কি আরও নতুন নতুন বিষয় চালুর সম্ভাবনা রয়েছে?	২০২২-২০২৩ সেশনে মোট চারটি বিষয়ে ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। বিষয়গুলো হলোঃ বিএ, ফুড এন্ড নিউট্রিশিয়ন, এলএলবি, টুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, হ্যাঁ, আগামী বছর থেকে আরও নতুন নতুন বিষয় চালুর সিদ্ধান্ত রয়েছে।
শিক্ষার্থীদের জন্য আসন সংখ্যা কতটি? আবাসিকের কি কোনো ব্যবস্থা রয়েছে?	প্রতিটি বিষয়ে আসন সংখ্যা ৪০টি। নির্দিষ্ট আনুপাতিক হারে সকল বিভাগের (বিজ্ঞান, কলা, ব্যবসায় শিক্ষা, সমাজ বিজ্ঞান) শিক্ষার্থীরা মেধা তালিকায় স্থান পাবে। না। জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিজ ক্যাম্পাসে আবাসনের কোনো ব্যবস্থা নেই।
পড়তে খরচ কেমন হবে?	অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ে পড়তে যে খরচ, এখানেও তাই বিবেচনায় রাখা হয়েছে। প্রয়োজনে কর্তৃপক্ষ এ খরচ বাড়াতে কমাতে পারবেন।
কারিকুলাম কি হবে?	সেমিষ্টার সিস্টেমে বিশ্বমানের কারিকুলাম অনুসৃত হবে। ইতোমধ্যে ইন্ডাস্ট্রি ও এ্যাকাডেমিক এক্সপার্টদের সমন্বয়ে যুতসই কারিকুলাম প্রণয়ন করা হয়েছে।
পড়া শেষে চাকুরীর সুযোগ থাকবে?	অবশ্যই। প্রতিযোগিতামূলক সকল পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে। শিক্ষার্থীদের সনদের মান পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর সনদের সমপর্যায়ের হবে।
নিয়মিত ক্লাস করতে হবে কিনা?	হ্যাঁ। নিয়মিত ক্লাস করতে হবে।
কলেজে অনার্স করা আর মূল ক্যাম্পাসে অনার্স করার মান কি একই?	না। মূল ক্যাম্পাসের অনার্সের মান হবে সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের অনার্সের মানের সমপর্যায়ের।
এখানে কি ইংরেজী ভাষনে পড়ানো হবে নাকি বাংলায়?	উভয় ভাষায় পড়ানো হবে।
এখানে কি সেশনজট থাকবে?	সেশনজট থাকবে না। প্রথম ব্যাচের ভর্তি চলছে। সঠিক সময়ে কোর্স শেষ করা হবে।
এটা কি পাবলিক বিশ্ববিদ্যালয়?	হ্যাঁ। এটি পুরোপুরি একটি পাবলিক বিশ্ববিদ্যালয়।
কোন ভর্তি পরীক্ষা হবে?	মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত স্কোরের ভিত্তিতে জাতীয় বিশ্ববিদ্যালয় সারাদেশে তার অধিভুক্ত কলেজে অনার্স, ডিগ্রি (পাস) ও প্রফেশনাল প্রোগ্রামে ভর্তি কার্যক্রম সম্পন্ন করে। অন-ক্যাম্পাস প্রোগ্রামের ক্ষেত্রেও এটি অনুসরণ করা হবে। তবে ক্ষেত্র বিশেষে লিখিত পরীক্ষা হতে পারে। বিষয়টি কর্তৃপক্ষের সিদ্ধান্তের ওপর নির্ভর করে।
আমি অনার্সে এই বছরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত একটি কলেজে ইংরেজি বিভাগে ভর্তি হয়েছে, এখন কি এলএলবি এর জন্য আবেদন করতে পারবো?	হ্যাঁ, আবেদন করা যাবে। নির্বাচিত হলে ভর্তি বাতিল করে মূল ক্যাম্পাসে ভর্তি হতে হবে।
জাতীয় বিশ্ববিদ্যালয়ে আর কী কী নতুন এ্যাকাডেমিক কার্যক্রম চালু রয়েছে?	এমফিল, পিএইচডি প্রোগ্রামের পাশাপাশি চলছে বিভিন্ন বিষয়ে এমএএস ও এ্যাডভান্সড এমবিএ। চলছে ১ বছর মেয়াদী এনইউ অন-ক্যাম্পাস পিজিডি ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স প্রোগ্রাম। এছাড়া সম্প্রতি জাতীয় বিশ্ববিদ্যালয় তার লাখ লাখ শিক্ষার্থীকে দক্ষ করে গড়ে তুলতে ২০২২-২০২৩ সেশন থেকে নতুন ১২টি বিষয়ে স্কীল-বেসড পোস্টগ্রাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) প্রোগ্রাম চালু করেছে। বিষয়সমূহ হলোঃ ইনফরমেশন এ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি (আইসিটি), ল্যাংগুয়েজ (ইংলিশ এ্যান্ড এ্যারাবিক), অন্ট্রাপ্রেনারশিপ, ফার্মিং টেকনোলজি, ডাটা অ্যানালিটিক্স, ক্যাপিটাল মার্কেট ইনভেস্টমেন্ট, আইসিটি ইন বিজনেস এন্ড একাউন্টিং, টুরিজম এন্ড হোটেল ম্যানেজমেন্ট, সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট, ডিজিটাল মার্কেটিং, সাইবার সিকিউরিটি।

	প্রোগ্রামগুলোতে ইতোমধ্যে ২টি ব্যাচ পড়াশোনা করছে। ঢাকাস্থ ১০১, ইসলাম টাওয়ার, শুব্রাবাদে প্রতি শূক্র ও শনিবার ক্লাস নেয়া হয়। এ বিষয়ে বিস্তারিত জানতে +৮৮০১৬৮৪২০৫৫৯১ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।
মূল ক্যাম্পাসে অনার্স প্রোগ্রামে ভর্তি সংক্রান্ত তথ্য জানতে কোথায় যোগাযোগ করবো?	প্রফেসর ড মো নাসির উদ্দীন, ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় ফোনঃ +৮৮০১৭৭৭৭৮৯০৪১ (হোয়াটসএ্যাপ); ইমেইলঃ nasiruddin.mitul@nu.ac.bd